গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০০২.১১.০০৪.২২- ৫৭২ তারিখঃ ৩১-০৮-২০২৩ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। ডিটিসিএ'র রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নলিখিত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পদের পাশে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম | অনূর্ধ্ব বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট<br>গ্রেড-৫<br>বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০/- | ৪৫ বৎসর | ১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ পুরকৌশল বা আরবান প্ল্যানিং বা পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি। |
| ২। | ম্যানেজার, ট্রাফিক সার্ভে (ডিজাইন এন্ড প্ল্যানিং), গ্রেড-৫<br>বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০/- | ৪৫ বৎসর | ১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি। |
| ৩। | ডেপুটি ম্যানেজার, ট্রাফিক সার্ভে<br>গ্রেড-৭,<br>বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৪। | ডেপুটি পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, গ্রেড-৭<br>বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা এনভায়রনমেন্টাল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ এনভায়রনমেন্টাল সাইন্স বা ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে;এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৫। | ডেপুটি মাস ট্রানজিট প্লানার (বিআরটি), গ্রেড-৭<br>বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে;এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৬। | সহকারী ট্রান্সপোর্ট প্লানার<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা আরবান প্ল্যানিং বিষয়ে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে; |
| ৭। | সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে; |
| ৮। | সহকারী প্রোগ্রামার<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়িরিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৯। | সহকারী প্রোগ্রামার (ডাটাবেজ)<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; |
| ১০। | সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস অপারেশন এন্ড মেইনটেন্যান্স), গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়িরিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১১। | সহকারী ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। |

| ক্র: নং | পদের নাম | অনূর্ধ্ব বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১২। | সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। |
| ১৩। | সহকারী পরিচালক<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম বা দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় শ্রেণি থাকিতে হইবে। |
| ১৪। | সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি), গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বা তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। |
| ১৫। | সহকারী ম্যানেজার (ট্রাফিক সার্ভে)<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। |
| ১৬। | সহকারী ম্যাস ট্রানজিট প্ল্যানার (এমআরটি), গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বা তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। |
| ১৭। | সহকারী ম্যাস ট্রানজিট প্ল্যানার (বিআরটি), গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। |
| ১৮। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

২। **<u>আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ</u>**

(ক) ০১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা অবশ্যই পদের পার্শ্বে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে ৯ম গ্রেডের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

(খ) সরকারি, আধা-সরাকরি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে উক্ত বক্তব্যের স্বপক্ষে আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদপত্রের ১টি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ঙ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ছ) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Applicant's Form সহ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(জ) পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঝ) 'O' Level এবং 'A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

(ঞ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা দ্বারা প্রযোজ্য পদের সাথে সম্পর্কযুক্ত পরিবহন সেক্টরের অভিজ্ঞতা গ্রহণযোগ্য হবে। পরিবহন সেক্টরের অভিজ্ঞতা ব্যতীত ক্রমিক ১-৫ নং পদে আবেদন করার প্রয়োজন নেই।

(ট) লিখিত পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম-পেন্সিলসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সাথে আনতে হবে। প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(ঠ) চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dtca.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৫ সেপ্টেম্বর, ২০২৩ দুপুর ১২:০০ ঘটিকা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ০৪:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সফল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান** : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy –তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid-mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে প্রতিটি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা + সার্ভিস চার্জ অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:**

DTCA<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DTCA **ABCDEF & send to 16222**
**Reply**: Applicant's Name, TK-600/- + Service Carge will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type DTCA <space>**Yes**<space>**PIN** and Send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS:**

DTCA<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DTCA **Yes 12345678**
**Reply:** Congratulations Applicant's Name. Payment Completed Successfully for DTCA Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID জানা থাকলে:**
DTCA<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222
Example: DTCA Help User ABCDEF & send to 16222

(ii) **PIN Number জানা থাকলে:**
DTCA<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222
Example: DTCA Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইট www.dtca.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dtca.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ও
সভাপতি, নিয়োগ/পদোন্নতি কমিটি